

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নং-১৪.৩২.০০০০.০০৪.৩০.০০১.১৮- ২৭৫২

তারিখঃ ২৭/০৬/২০১৮ খ্রীঃ

বিষয়ঃ স্টেশনারী মালামাল সরবরাহের জন্য তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনাদের দাখিলকৃত তালিকাভুক্তির আবেদন কমিশন কর্তৃক গৃহীত হওয়ায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) 'র স্টেশনারী মালামাল সরবরাহের জন্য আগামী ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থ বছরে সরবরাহকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্ত করা হলো :

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	ঠিকানা
১.	Maysa Traders	নং-৬৬, মধ্যবাড্ডা, ঢাকা।
২.	M/s Shahan Traders	জামান চেম্বার, ৪৭ দিলকুশা, বা/এ, ঢাকা।
৩.	Nahar Enterprise	২৮/১/বি, টয়নবী সার্কুলার রোড, বিএন টাওয়ার, মতিঝিল, ঢাকা।
৪.	M/s Haque Enterprise	৩৩ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
৫.	Pacific Business Solutions	৪২ নয়াপল্টন, ঢাকা।
৬.	M/s Zahir Stationery	৩৩ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।

শর্তাবলী :

১. অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম অথবা সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।
২. কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন, দরপত্র/সীমিত দরপত্র আহ্বান করা হলে দ্রুত সময়ের মধ্যে তার জবাব প্রদানের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানকে তাদের ই-মেইল, ফোন, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির নম্বর কমিশনে জমা দিতে হবে।
৩. কমিশন কর্তৃক মালামাল ক্রয়ের জন্য দরপত্র/সীমিত দরপত্র আহ্বান করা হলে যথাসময়ে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়ন পূর্বক কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
৪. যে সকল প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) বার কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন, দরপত্র/সীমিত দরপত্র দাখিলে ব্যর্থ হবে সে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
৫. আর্থিক প্রস্তাব দাখিলের পূর্বে কমিশনের কার্যালয়ে এসে নমুনা সংগ্রহ করে দরপ্রস্তাব দাখিল করতে হবে।
৬. মালামাল সরবরাহের জন্য দাখিলকৃত দরপ্রস্তাব কমিশন কর্তৃক গৃহীত হলে নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।
৭. নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে তালিকাভুক্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮. দাখিলকৃত দরপ্রস্তাবে দর অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাধুতা বা কারচুপি অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯. তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠান যদি কোথাও কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
১০. কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহ সম্পন্ন করার পর বিল দাখিল করলে কমিশনের প্রচলিত বিধি মোতাবেক ক্রেসড্ চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে।

১১. সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে আয়কর/ভ্যাট কর্তন পূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
১২. কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে তালিকাভুক্তির মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।



আফতাব মোঃ রাশেদুল ওয়াদুদ
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৯৫৫৪৬৮৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১. পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব), বিটিআরসি।
২. চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. -----
৪. অফিস কপি।